# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

## নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অফিস/বিভাগের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

১। ৳ঃ ১২৫০০-৩০২৩০/- বেতন স্কেলে **"ড্রাফটস্‌ম্যান"** ইনষ্টিটিউট অব এপ্রোপ্রিয়েট টেকনোলজী (আই.এ.টি.)-এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বি.এস.সি পাশ হইতে হইবে এবং সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে ড্রাফটসম্যান কাম ক্যাড বিষয়ে (Auto Cad, 3D Studio Max, Lumion, SkechUp, Revit ইত্যাদি) প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। অথবা এইচ.এস.সি পাশ সহ ভোকেশনাল ইন ড্রাফটিং-এ সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সম্পন্ন এবং কোন খ্যাতিমান প্রতিষ্ঠানে ড্রাফটসম্যান পদে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে এবং তৎসহ Auto Cad, 3D Studio Max, Lumion, SkechUp, Revit ইত্যাদিতে দক্ষতা থাকিতে হইবে।

২। ৳: ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"ল্যাব: ইন্সট্রাক্টর-কাম-স্টোর কীপার"** রসায়ন বিভাগের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বি.এস.সি পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্ত এবং কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে ***অথবা*** এইচ.এস.সি ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে পাসসহ সংশ্লিষ্ট লাইনে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৩। ৳: ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"টেকনিশিয়ান গ্রেড-২"** ইনষ্টিটিউট অব এপ্রোপ্রিয়েট টেকনোলজী (আই.এ.টি.)-এর ২টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বি.এস.সি পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্ত এবং কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে ***অথবা*** এইচ.এস.সি ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে পাসসহ সংশ্লিষ্ট লাইনে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

৪। ৳: ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"ডাটা এন্ট্রি অপারেটর"** (ক) ইনষ্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজী (আইআইসিটি)-এর ১টি স্থায়ী পদ এবং (খ) কম্পট্রোলার অফিসের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে স্নাতক ডিগ্রীসহ প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হইবে। সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৫। ৳: ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"ও.এম.আর.এন্ড প্রিন্ট অপারেটর"** ইনষ্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজী (আইআইসিটি)-এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে স্নাতক ডিগ্রীসহ প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হইবে। সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৬। ৳: ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে **"হিসাব সহকারী"** কম্পট্রোলার অফিসের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এইচ.এস.সি (বাণিজ্য) সমমানের পরীক্ষায় পাশ হইতে হইবে। হিসাবের কাজ, ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে।

৭। ৳: ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **"ল্যাব: এটেনডেন্ট"** (ক) পানি সম্পদ কৌশল বিভাগের ১টি স্থায়ী পদ, (খ) বস্তু ও ধাতব কৌশল বিভাগের ১টি স্থায়ী পদ, (গ) ইনষ্টিটিউট অব এপ্রোপ্রিয়েট টেকনোলজী (আই.এ.টি.)-এর ১টি স্থায়ী পদ, (ঘ) তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের ১টি স্থায়ী পদ এবং (ঙ) যন্ত্রকৌশল বিভাগের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এইচ.এস.সি (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় পাশ এবং সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্সসহ ১(এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৮। ৳: ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে **"মালী"** (ক) উপাচার্য অফিসের ১টি স্থায়ী পদ, (খ) ডঃ এম.এ. রশীদ হলের ১টি স্থায়ী পদ এবং (গ) আহসান উল্লাহ হলের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

৯। ৳: ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে **"গার্ড"** (ক) রেজিস্ট্রার অফিসের অধীন এস্টেট, লিগ্যাল এন্ড সিকিউরিটি উইং-এর ৩টি স্থায়ী পদ, (খ) ইনষ্টিটিউট অব এপ্রোপ্রিয়েট টেকনোলজী (আই.এ.টি.)-এর ১টি স্থায়ী পদ এবং (গ) তিতুমীর হলের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সু-স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। রাইফেল চালানোর অভিজ্ঞতা থাকিলে ভাল হয়। বয়স ১৮-৩৫ বৎসর। অবসরপ্রাপ্ত সামরিক কর্মচারীর জন্য বয়স শিথিলযোগ্য।

বি:দ্র: ক্রমিক নং ১ হইতে ৭ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে প্রার্থীর শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ/ শ্রেণী গ্রহণযোগ্য নয়। ''অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/ শ্রেণী) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যাহারা এই বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত হইয়াছেন এবং ডিগ্রী অর্জন করিয়াছেন তাহাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হইবে না।"

**আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ৩০ / ১১ /২০২০**

**সকল পদের জন্য প্রযোজ্য ঃ**

বাংলায় নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, অভিজ্ঞতা, জন্ম তারিখ ও মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখ পূর্বক ভোটার আইডি কার্ড/ জন্ম নিবন্ধন সনদসহ সকল প্রকার সনদপত্রের সত্যায়িত কপি ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবিসহ কম্পিউটারে মুদ্রিত দরখাস্ত রেজিস্ট্রার -এর বরাবরে পৌঁছাইতে হইবে। প্রার্থীত পদের নাম, অফিস/ বিভাগের নাম আবেদনে সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

কম্পট্রোলার, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে প্রতিটি পদে ১ নং পদ হইতে ৭ নং ক্রমিকের পদের জন্য ৩০০/- (তিনশত) টাকার এবং ৮ হইতে ৯ নং ক্রমিকের পদের জন্য ১৫০/-(একশত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/ পেঅর্ডার (ঢাকা মহানগরীর যে কোন বাণিজ্যিক ব্যাংকের শাখার উপর জারীকৃত) অথবা কম্পট্রোলার অফিসের সাথে যোগাযোগ করিয়া হিসাব শাখা কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক, বুয়েট শাখায় নগদ অর্থ জমা প্রদান পূর্বক রশিদের অংশ দরখাস্তের সহিত জমা দিতে হইবে। পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/ বাতিল/ পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। বিস্তারিত তথ্যের জন্য বুয়েট ওয়েব সাইটে (www.buet.ac.bd/regoffice) দেখা যাইতে পারে অথবা বুয়েটের নোটিশ বোর্ডে খোঁজ নেওয়া যাইতে পারে।

০৯.১১.২০২০

(অধ্যাপক ডঃ মোঃ ফোরকান উদ্দিন)
রেজিস্ট্রার (অঃ দাঃ)

নং সংস্থা/অ-৫/ রে- ১৫০৯(১০০)

তারিখ ঃ ০৯/১১/২০২০

বিতরণ (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)ঃ

১। ডীন, সকল অনুষদ, বা: প্র: বি:,ঢাকা।
২। সকল বিভাগীয় প্রধান/পরিচালক/অফিস প্রধান/হল প্রভোস্ট, বা: প্র: বি:,ঢাকা।।
৩। পরিচালক, আইআইসিটি, বা: প্র: বি:,ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে দেওয়ার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪। সিস্টেম এনালিস্ট, রেজিস্ট্রার অফিস- সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তি বুয়েট -এর ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য।
৫। পি.এস.টু. ভি.সি., বা:প্র:বি:, ঢাকা- উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬। পি.এস.টু.প্রো- ভি.সি., বা:প্র:বি:, ঢাকা- উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭। গার্ড ফাইল।